



“প্রতিদিন একবার হলেও আপনার
প্রতিষ্ঠানের ই-মেইল এবং বাকশিবা
এর ওয়েব সাইট ভিজিট করুন”
www.bteb.gov.bd

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.২৩.০০১.১৯-৩২

তারিখ : ১৩-০৫-২০১৯খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারীজ/লাইভস্টক শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা-২০১৯ আগামী ০৭ জুলাই ২০১৯ রোজ রবিবার হতে সরকারি প্রতিষ্ঠানসমূহ নিজ কেন্দ্রে অন্যান্য সকল প্রতিষ্ঠানে নির্বাচিত ভেন্যু কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠানভিত্তিক (Printout Copy) বোর্ডের Website -এ পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফিস জমা দান পূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম ফিলাপের তারিখ, সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদসঙ্গে দেয়া হল। উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে www.bteb.gov.bd পাওয়া যাবে। পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি কারিগরি শিক্ষা বোর্ডের Website এ- প্রকাশ করা হবে।

৮ম পর্বের মাঠ সংযুক্ত প্রশিক্ষণ ব্যবহারিক ধারাবাহিকে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা আগামী ২৯/০৬/১৯ ও ৩০/০৬/১৯ খ্রিঃ রোজ শনিবার ও রবিবার হতে স্ব-স্ব প্রতিষ্ঠানে/কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

(ক) অন-লাইনে ফরম ফিলাপ এর ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্টে থাকা সকল শিক্ষার্থীদের পরীক্ষার সকল ফিস প্রদান করতে হবে। (খ) এক জন পরীক্ষার্থীর মূলপর্বে ০১ (এক) টি মাত্র হাজিরা সিট ব্যবহার করতে হবে। একই হাজিরা সিটের মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিক নিয়মিত ও পরিপূরক সকল বিষয়ের হাজিরা নিতে হবে প্রয়োজনে অপর পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনে হাজিরা সিটের ফটোকপি কেন্দ্রে/প্রতিষ্ঠানে রাখতে হবে। পরিপূরক বিষয় পরীক্ষার জন্য আলাদা হাজিরা সিট ব্যবহার করার প্রয়োজন নেই।

অত্র বোর্ডের কারিকুলাম শাখা হতে জারিকৃত স্মারক (ডিপ্লোমা- ইন- এগ্রিকালচার ও ডিপ্লোমা- ইন-ফিসারীজ) শিক্ষাবর্ষপঞ্জি ২০১৮-২০১৯ এর আলোকে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

১. পরীক্ষার্থীর বিবরণ :

- ১.১. ২য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮মপর্ব শিক্ষার্থী নিয়মিত/অনিয়মিত পুনঃ ভর্তি স্মারকপত্রে আলোকে ছাত্র/ছাত্রী ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারীজ ২০১১ প্রবিধান এবং ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানের আলোকে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ১.২ ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে তিন অধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল শিক্ষার্থী রেফার্ড/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ১.৩ যে সকল শিক্ষার্থী ২০১৮ সনে ৫ম ও ৭মপর্ব ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে শুধু মাত্র ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল শিক্ষার্থী ২০১৯ সনে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা- ইন-ফিসারীজ পরীক্ষার অবশ্যই ফরম ফিলাপ করে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করে যদি উত্তীর্ণ হয় তবে নম্বর অনলাইনে প্রেরণ করে হার্ড কপি অন্যান্য নিয়মিত পর্বে সাথে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) ৬ষ্ঠ তলা, বরাবর জমা দিতে হবে)।
- ১.৪ যে সকল পরীক্ষার্থী ২০১৮ সনে বা তার পূর্বে ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে/পুনঃ ভর্তি হয়ে এরূপ পরীক্ষার্থী ৩০০/- টাকা সংযোগ রক্ষাকারী ফি, পরীক্ষার- ফি এর সাথে জমা দিতে হবে।
- ১.৫ ২০০৯ সনের পূর্বে রেজিস্ট্রেশন মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনুমতি গ্রহণের আবেদনের সাথে পূর্বের সকল প্রবেশপত্র ও পুনঃ ভর্তি কপি সংযুক্ত করতে হবে।
- ১.৬ বহিঃস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিংবা কেবলমাত্র ২০১৮ সালের পরীক্ষা বাতিল হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সালে সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

চলমান

২. পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় পত্র যোগাযোগ নমুনা মোতাবেক নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।

প্রেরক, প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম কোড নং ও ঠিকানা	বরাবর, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল অঞ্চলঃ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৬ষ্ঠ তলা) আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
পরীক্ষার প্রশ্নপত্র সংক্রান্ত কোন বিষয়ে জানার জন্য অত্র বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) শাখায় যোগাযোগ করতে হবে। ফোন নম্বর : ০২ ৫৮৫১২৭০৩ অথবা ০২ ৯১১৩২৮৩ মোবাইলঃ ০১৭১৯৯০২৫৬	

বিঃদ্রঃ শিক্ষকের নামের তালিকা অভিজ্ঞ শিক্ষকের মধ্যে হতে বিষয় ভিত্তিক তালিকায় অন্তর্ভুক্ত করে অন-লাইনে প্রেরণের হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ এবং ফরম ফিলাপের হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষর করে একই সময়ে সংশ্লিষ্ট শাখায় (৬ষ্ঠ তলা) জমা দিতে হবে।

৩. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ (যাহা কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় হবে) ব্যয়ের বিবরণ :

- ৩.১ কেন্দ্র ফি, ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) সপ্তাহ পূর্বে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে পরিশোধ না করলে এই মর্মে কেন্দ্র হতে কোন অভিযোগ পাওয়া গেলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল স্থগিত থাকবে।
- ৩.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পারিশ্রমিক হিসেবে পরীক্ষা সমাপ্তির পরেই পরিশোধের ব্যবস্থা করতে হবে এবং এ সংক্রান্ত ব্যয়ের হিসাবের এক কপি বোর্ডে পরীক্ষা শাখায় প্রেরণ করতে হবে।
- ৩.৩ ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর আভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণ পারিশ্রমিক বোর্ডের নিয়ম অনুযায়ী প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার করা যেতে পারে।
- ৩.৪ অন-লাইনে ফরম ফিলাপের তারিখ, ব্যাংক ড্রাফট করার তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি (Final List) ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্নোক্ত “ছক-১” মোতাবেক সম্পন্ন করতে হবে।

ফরম ফিলাপের ছক (ছক-১)

বিভাগ	স্ব-স্ব প্রতিষ্ঠানের বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার তারিখ	অন-লাইনে ফরম ফিলাপ, উত্তোলন এবং হার্ড কপি প্রিন্ট করার শেষ	৩০০/- টাকা হারে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট- আউটের হার্ড কপি ও ডিডি জমা দেয়ার শেষ তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- জরিমানা সহ ব্যাংক ড্রাফট জমা দানের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬
সকল বিভাগ	১৫/০৫/২০১৯খ্রিঃ হতে ২৩/০৫/২০১৯ খ্রিঃ পর্যন্ত	১৫/০৫/২০১৯খ্রিঃ হতে ২৩/০৫/২০১৯ খ্রিঃ পর্যন্ত	২৬/০৫/২০১৯খ্রিঃ	২৭/০৫/২০১৯ খ্রিঃ রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগ সমূহ ২৮/০৫/২০১৯ খ্রিঃ ও ২৯/০৫/২০১৯ পর্যন্ত অন্যান্য সকল বিভাগ	৩০/০৫/১৯ খ্রিঃ (পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে)
২৭-০৫-২০১৯খ্রিঃ তারিখের পূর্বে অন-লাইনে ফরম ফিলাপ করে প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা দেয়া যাবে। (ব্যাংক খোলার দিন)					

- ৩.৫ উপরোক্ত ছকে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনের মাধ্যমে স্ব-স্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ফরম ফিলাপ করতে হবে। এবং নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইন হতে ফরম ফিলাপের ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্ট করতে হবে। নির্ধারিত তারিখের (২৩/০৫/২০১৯) মধ্যে অন-লাইন হতে ফরম ফিলাপের ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্ট করতে ব্যর্থ হলে প্রতি ছাত্র-ছাত্রীদের জন্য ৩০০/- হারে বিলম্ব ফি প্রদান করতে হবে। পূর্বের ন্যায় বোর্ড হতে কোন প্রিন্ট-আউট সরবরাহ করা হবে না।
- ৩.৬ ০৩ নং কলমে বর্ণিত তারিখের (২৩/০৫/১৯) মধ্যে সকল প্রতিষ্ঠানকে ফরম ফিলাপ ফাইনাল লিষ্ট (হার্ড কপি) পরীক্ষার্থীদের বোর্ডের অংশের সকল ফি এর সমুদয় টাকার ব্যাংক ড্রাফট করতে হবে।
- ৩.৭ প্রতি পরীক্ষার্থী ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ২৬/০৫/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত অন-লাইনে ফরম ফিলাপ করা যাবে এবং উক্ত তারিখের মধ্যে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করতে হবে।
- ৩.৮ ০১ ছকে এর ৫নং কলামে বর্ণিত তারিখের (২৯/০৫/২০১৯) মধ্যে ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানাসহ ৩০/০৫/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে জমা দেয়া যাবে।

চলমান -

৪. তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর প্রেরণ :

২০১৯ সনে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অন-লাইনের মাধ্যমে নিম্নোক্ত “ছক-২” বর্ণিত তারিখ অনুযায়ী পাঠাতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ TC ও PC নম্বর পত্র পাঠাতে ব্যর্থ হলে প্রবেশ পত্র দেওয়া হবে না।

৫. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের (নিয়মিত/অনিয়মিত) বোর্ডে প্রেরণ পদ্ধতি :

বোর্ডের প্রাপ্ত অংশের পরীক্ষার ফি এর হিসাব প্রেরণ :

ক্রঃ নং	পরীক্ষার প্রকার	টেকস নাম	পরীক্ষার ফি		নম্বর পত্র ফি		সনদ পত্র ফি	কেন্দ্র ফি		বোর্ডের অংশ
			বোর্ড	প্রতিঃ	বোর্ড	প্রতিঃ		কেন্দ্র	প্রতিঃ	
			১	২	৩	৪		৫	৬	
১	২য় পর্ব নিয়মিত (প্রতিষ্ঠান মূল্যায়ন)	কৃষি	২২৫/-	২২৫/-	-	৫০/-	-	২২৫/-	২২৫/-	২২৫/-
		মৎস্য								
		লাইভঃ								
২	৪র্থ পর্ব নিয়মিত	কৃষি	৪০০/-		৭৫/-		-	২২৫/-	২২৫/-	৪৭৫/-
		মৎস্য								
		লাইভঃ								
	৪র্থ পর্ব পরীক্ষায় অংশ গ্রহন করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য	কৃষি	৪০০/-		৭৫/-		-	২২৫/-	২২৫/-	৪৭৫/-
		মৎস্য								
		লাইভঃ								
৩	৬ষ্ঠ পর্ব নিয়মিত	কৃষি	৪০০/-		৭৫/-		-	২২৫/-	২২৫/-	৪৭৫/-
		মৎস্য								
		লাইভঃ								
	৪র্থ ও ৫ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে)		বিষয় সংখ্যা × ১০০/-		পর্ব সংখ্যা × ৭৫			২০০/-	কলাম ৩+৪	
৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশ গ্রহন করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য	কৃষি	৪০০/-		৭৫/-		-	২২৫/-	২২৫/-	৪৭৫/-	
	মৎস্য									
৪	৮ম পর্ব নিয়মিত (ফিল্ড ট্রেনিং ফি-৫০০/-)	কৃষি	৪০০/-		৭৫/-		১০০/-	২২৫/-	২২৫/-	৬৮৫/- (১+৩+৫)
		মৎস্য								
		ট্রেনিং								
	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে)		বিষয় সংখ্যা × ১০০/-		পর্ব সংখ্যা × ৭৫			২০০/-	কলাম ৩+৪	
৫	৮ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে ৪র্থ হতে ৭ম পর্ব এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য	কৃষি	৪০০/-		-	৭৫/-	-	২০০/-		৪৭৫/-
		মৎস্য								
৬	সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে।									৩০০/-
৭	সকল পর্বের রেফার্ড/পরিপূরক ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পর্বের প্রতি বিষয়ে × ২৫.০০ টাকা হারে।									
৮	নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে নিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২২৫/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।									
৯	নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২০০/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।									
১০	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্বের জন্য প্রতিষ্ঠানের জরিমানা ২৫০০/- টাকা।									

বিঃদ্রঃ কোন ভাবেই বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি নেওয়া যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি এর সম্মুদয় টাকা প্রতি পরীক্ষার্থীর নিকট হতে আদায়করতঃ মোট টাকার ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ছকে বর্ণিত নির্ধারিত তারিখে করতে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সটাইল শাখা (৬ষ্ঠ তলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট অবশ্যই সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৫.২ পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত সম্মুদয় টাকার হিসাব (বোর্ডের প্রাপ্য অংশ) বোর্ড কর্তৃক প্রদত্ত "হিসাব বিবরণী "ছক" অনুযায়ী পূরণ করে ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় ৬ষ্ঠ তলা কৃষি/টেক্সটাইল শাখার হিসাবের পর ব্যাংকে জমা দিতে হবে এবং হিসাব শাখায় ক্রমিক নম্বর প্রদানের পর ৬ষ্ঠ তলা কৃষি টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।

৫.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধীন ডিপ্লোমা ইন এগ্রিকালচার ও ডিপ্লোমা ইন ফিসারিজ শিক্ষাক্রমের পরীক্ষার ফরম ফিলাপ সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির মাধ্যমে অবশ্যই সম্পাদন করতে হবে। অন্য প্রতিষ্ঠান শিক্ষক/ অন্য শাখার শিক্ষক/প্রতিনিধি দ্বারা পরীক্ষা সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

চলমান -

ধারাবাহিকের ও ব্যবহারিক নম্বর ৪র্থ পর্ব, ৫ম পর্ব, ৬ষ্ঠ পর্ব ও ৭ম পর্বের নম্বর প্রেরণের ছক (ছক-২)

বিভাগ/ অঞ্চল	অন-লাইনে-এ TC ও PC নম্বর প্রেরণের তারিখ	মন্তব্য
সকল বিভাগ	১৩/০৬/২০১৯ খ্রিঃ হতে ২৭/০৬/২০১৯ খ্রিঃ পর্যন্ত	TC ও PC ২৭/০৬/২০১৯ খ্রিঃ মধ্যে অন-লাইনে-এ দিতে হবে। TC ও PC নম্বর নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে অন-লাইনে দেয়া যাবে।

ব্যবহারিক নম্বর ৪র্থ পর্ব, ৫ম পর্ব, ৬ষ্ঠ পর্ব, ৭ম ও ৮ম পর্বের নম্বর প্রেরণের ছক (ছক-৩)

বিভাগ/ অঞ্চল	অন-লাইনে PF নম্বর প্রেরণের তারিখ	মন্তব্য
সকল বিভাগ	০৬/০৮/২০১৯ খ্রিঃ হতে ১৮/০৮/২০১৯ খ্রিঃ পর্যন্ত	হাজিরা সিট জমা দেওয়ার সময়ে PF নম্বর অন-লাইনে প্রেরণকৃত হার্ড কপি নির্ধারিত সময়ের (পরীক্ষার সময়সূচিতে উল্লেখিত নির্ধারিত তারিখ) মধ্যে জমা দিতে হবে। জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা।

২য় পর্বের জি, পি, এ (GPA) প্রেরণের ছক (ছক-৪)

বিভাগ/ অঞ্চল	অন-লাইনে-এ GPA প্রেরণের সময়	মন্তব্য
সকল বিভাগ	২য় পর্বের পরীক্ষার ফলাফল প্রকাশ করে অন-লাইনে GPA প্রেরণ করার তারিখ : ০১/০৮/২০১৯ খ্রিঃ হতে ২২/০৮/২০১৯ খ্রিঃ পর্যন্ত	GPA অন-লাইনে প্রেরণ করে ২৯/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে হার্ড কপি বোর্ডে প্রিন্ট করে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি স্বাপেক্ষে জমা দেয়া যাবে।

৬. সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তার মনোনীত প্রতিনিধি নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষার মালামাল গ্রহণ করবেন। মালামালের চাহিদা ফরমে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর থাকতে হবে।

(প্রতিনিধির নাম, পদবী ও নমুনা স্বাক্ষর কেন্দ্র সচিব কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে)
প্রবেশপত্র ও মালামাল গ্রহণের ছক (ছক-৫)

ক্রঃ নং	বিভাগ এর নাম	প্রবেশ পত্র ও মালামাল গ্রহণের তারিখ	মন্তব্য
১	রাজশাহী, রংপুর ও খুলনা	২৫/০৬/২০১৯ খ্রিঃ ও ২৬/০৬/২০১৯ খ্রিঃ	প্রবেশপত্র সংশোধন করার প্রয়োজন থাকলে পরীক্ষা শুরুর তারিখের পূর্বে সম্পন্ন করতে হবে। পরীক্ষা শুরুর পরে কোন প্রবেশ সংশোধন করতে হলে প্রতি প্রবেশ পত্রের জন্য সংশোধন ফি ৫০০/- প্রদান করতে হবে।
২	অন্যান্য সকল বিভাগ	২৭/০৬/২০১৯ খ্রিঃ এবং ২৯/০৬/২০১৯ খ্রিঃ	

৬.১ কেন্দ্র সচিব/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করবেন। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না ভাল করে যাচাই করতে হবে। প্রবেশ পত্রের ভুলের কারণে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকবে না

৭ বিশেষ শর্তাবলি :

৭.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মোতাবেক পরীক্ষার তাত্ত্বিক ধারাবাহিক, ব্যবহারিক ধারাবাহিক, ব্যবহারিক চূড়ান্ত এবং বাস্তব প্রশিক্ষণের নম্বর অধিকতর সতর্কতার সহি পর্যালোচনা ও পর্যবেক্ষণ করে (বিশেষ করে পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর ও ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করে) On-line -এ নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে সঠিকভাবে প্রেরণ করতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। বিশেষ করে কারিকুলাম টেকনোলজি কোড, কেন্দ্র কোড, বিষয় কোড ভুল হলে ফলাফল প্রকাশ করা সম্ভব হবে না।

০৮. বিশেষ নির্দেশনাবলী :

৮.১ পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বেই পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে।

৮.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিটের পূর্বে কোনভাবেই সিলগালাকৃত প্রশ্নপত্রের প্যাকেট খোলা যাবে না।

৮.৩ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরাসিটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষার শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। অবশ্যই প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

৮.৪ ফরম ফিলাপ এর ডিডি জমা দেয়ার সময় গত পর্বের পরীক্ষায় ট্রেজারীতে প্রেরিত প্রশ্নপত্রের ট্রাংক বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলায়) জমা দিতে হবে।

৮.৫ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/ মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে লিখিত ভাবে অধ্যক্ষের মাধ্যমে প্রবেশপত্র সহ বোর্ডে কৃষি/টেক্সটাইল শাখায় (৬ষ্ঠ তলা) আবেদন জমা দিতে হবে।

চলমান -

-৫-

৮.৬ নির্ধারিত তারিখে অনুষ্ঠিত সকালের পরীক্ষার উত্তরপত্র ও লিখো (১ম অংশ) ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। এ ব্যাপারে পোস্ট অফিসকে পূর্ব হতে চিঠি দিয়ে অবহিত করতে হবে। উত্তরপত্র পাঠানোর এ নির্দেশ না মানা হলে পরবর্তীতে পরীক্ষার কেন্দ্র বাতিল বলে গণ্য হবে এ ব্যাপারে কোন নোটিশ দেয়া হবে না। উত্তর পত্রের প্যাকেট এর কাপড় অবশ্যই সবুজ কালার হতে হবে।

৮.৭ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র এবং অন-লাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি পরীক্ষা সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্ধৃত্ত বিবরণীসহ একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না। উল্লেখ্য উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।

৮.৮ বহিস্কৃত প্রতি পরীক্ষার্থীর জন্য সংযোজনী-ক ফরম নং ০১ ও সংযোজনী-গ ফরম নং ০৩ পূরণ করে বহিস্কৃত প্রতি উত্তর পত্রে সংগে স্টেপলার করে দিতে হবে। বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তর পত্রের লিখো কোডের ১ম অংশ ছেড়া যাবে না। প্রতিবেদনসহ একই দিনে

উত্তরপত্র আলাদা প্যাকেটে ডাক যোগে পাঠাতে হবে। বহিষ্কৃত উত্তর পত্রে মন্তব্যসহ হল পরিদর্শক, হল সুপার ও কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে।

- ৮.৯ উত্তরপত্রের সাথে কোন শিরোনামপত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। শুধুমাত্র বাড়িল লেভেল ব্যবহার করতে হবে এর ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়। লিখো টপ (১ম অংশ) এর সাথে বিষয়ের শিরোনামপত্র অবশ্যই দিতে হবে। ৪র্থ পর্ব, ৬ষ্ঠ পর্ব, ৫মপর্ব ও ৭ম পর্বের নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষার্থীদের লিখো খাতায় পরীক্ষা নিতে হবে (উত্তরপত্র বোর্ড মূল্যায়ন করবে)। পরীক্ষা সমাপ্তির সাথে সাথে উত্তরপত্রের লিখোর (১ম অংশ) বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে বক্স এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে প্যাকেট করতে হবে। পরে লিখোর বক্স ও উত্তরপত্র প্যাকেট করে সবুজ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক কৃষি বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে। (লিখোর (১ম অংশ) আলাদা প্যাকেটে প্রেরণ করা যাবে)
- ৮.১০ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসিটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুষ্ঠান ধরা হবে।
- ৮.১১ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট এর হার্ড কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ পরিশোধের প্রত্যয়ন পত্র দেখাতে হবে।
- ৮.১২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌঁছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রম সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।
- ৮.১৩ ডিপ্লোমা ইন কৃষি/ফিসারিজ শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান ২০১১ ভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম ও ৩য় পর্ব বিষয়সমূহের পরীক্ষা লিখুবিহীন উত্তরপত্রে দিতে হবে এবং উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে।
- ৮.১৪ শিক্ষকের তালিকায় পুরাতন/অভিজ্ঞ শিক্ষকের নাম তালিকায় অন্তর্ভুক্ত করে বোর্ডের ওয়েব সাইটে অন-লাইনে এন্ট্রি করার পর প্রবেশ পত্র ও মালমাল গ্রহণের সময় শিক্ষকের নামের তালিকার হার্ড কপি কৃষি ডিপ্লোমা শাখায় জমা দিতে হবে।
৯. **নতুন উত্তরপত্রে ১০ (দশ) অংক (ঘর) সম্বলিত রেজিস্ট্রেশন নম্বর এবং ৫ (পাঁচ) অংক (ঘর) সম্বলিত বিষয় কোড যুক্ত লিখু (Litho)ব্যবহারের নির্দেশাবলী :**
- ৯.১ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।
- ৯.২ অনুরূপভাবে বিষয় কোড ডান দিক হতে (একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। সর্ব বাম দিকের ঘরটি(যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।
- ৯.৩ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা শিক্ষার্থীদের প্রশিক্ষনের ব্যবস্থা নিবেন।
- ৯.৪ পুরাতন লিখুযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরত দিতে হবে।
- ৯.৫ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।

বিঃদ্রঃ ফরম পূরণের সময় **Online** এ ছক (১) বর্ণিত তারিখ অনুযায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। **Online** এ ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন ১. ০১৮৭৬৩৯৭১৩৮ ২. ০১৫৫০৬২০৬০৪।

স্বাঃ/-

(ড. প্রকৌ. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

চলমান -

-৬-

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.২৩.০০১.১৯-৩২(৩২০)

তারিখ : ১৩-০৫-২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৫। মহা পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৬। মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৭। পরিচালক (প্রশিক্ষণ উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৮। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৯-১২। সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২	৪র্থ পর্ব পরীক্ষায় অংশ গ্রহন করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য	লাইভঃ										X
		কৃষি	৪০০/-	৭৫/-	-	২২৫/-	২২৫/-	৪৭৫/-	X			
		মৎস্য										
৩	৬ষ্ঠ পর্ব নিয়মিত	কৃষি	৪০০/-	৭৫/-	-	২২৫/-	২২৫/-	৪৭৫/-	X			
		মৎস্য										
		লাইভঃ										
৩	৪র্থ ও ৫ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে)		বিষয় সংখ্যা × ১০০/-		পর্ব সংখ্যা × ৭৫		২০০/-		কলাম ৩+৪	X		
		কৃষি	৪০০/-	৭৫/-	-	২২৫/-	২২৫/-	৪৭৫/-	X			
		মৎস্য										
৪	৮ম পর্ব নিয়মিত (ফিল্ড ট্রেনিং ফি-৫০০/-)	কৃষি	৪০০/-	৭৫/-	১০০/-	২২৫/-	২২৫/-	৬৮৫/- (১+৩+৫)	X			
		মৎস্য										
		ট্রেনিং	১১০/-	৩৫০/-	-	-	-	-	-			
৪	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয় (১০০/- হারে)		বিষয় সংখ্যা × ১০০/-		পর্ব সংখ্যা × ৭৫		২০০/-		কলাম ৩+৪	X		
		কৃষি	৪০০/-	৭৫/-	-	২০০/-	৪৭৫/-	X				
মৎস্য												
৫	৮ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে ৪র্থ হতে ৭ম পর্ব এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য	কৃষি	৪০০/-	-	৭৫/-	-	২০০/-	৪৭৫/-	X			
		মৎস্য										
৬	সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে।								৩০০/-	X		
৭	সকল পর্বের রেফার্ড/পরিপূরক ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পর্বের প্রতি বিষয়ে X ২৫.০০ টাকা হারে।											
৮	নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে নিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২২৫/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।											
৯	নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২০০/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।											
১০	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্বের জন্য প্রতিষ্ঠানের জরিমানা ২৫০০/- টাকা।											
(কথায়.....) সর্বমোটঃ												

ব্যাংক ড্রাফটের বিবরণ :

ক্রমিক নং	ব্যাংক নাম ও শাখা	ব্যাংক ড্রাফটের নং	তারিখ	টাকার পরিমাণ

(কথায়.....)

মোবাইল নম্বর (অধ্যক্ষ).....

অধ্যক্ষের স্বাক্ষর ও সিল

(৮)

কেন্দ্র/প্রতিষ্ঠানের কোড নম্বর

--	--	--	--	--

উত্তরপত্র/পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের চাহিদা ফরম

কেন্দ্র/প্রতিষ্ঠানের নাম :.....

পোষ্ট : উপজেলা : জেলা :

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৬ষ্ঠতলা), ঢাকা-১২০৭।

২০১৯ সালের ডিসেম্বর ও জানুয়ারি মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক পর্ব সমাপনী পরীক্ষা জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল :

পরীক্ষার নাম	পর্ব	মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত)	লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা (সাধারণ)	পরীক্ষার নাম	পর্ব	মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত)	লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা (লিখিত)
ডিপ্লোমা -ইন		X	=		ডিপ্লোমা -ইন-		X	=	

এগ্রিকালচার / ফিসারিজ/ লাইভস্টক	২য় ৮ম	X X X	= = =		এগ্রিকারচার/ ফিসারিজ/ লাইভস্টক	৪র্থ ৬ষ্ঠ	X X X	= = =	
		X	=		রেফার্ড	৭ম	X X	= =	
মোটঃ					মোট				
সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা					সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা				

বিঃদ্র: ৪র্থ পর্ব থেকে ৭মপর্ব পর্যন্ত রেফার্ড পরীক্ষার্থীগণ সকল পরীক্ষা লিখো খাতায় দিতে হবে।

বিবরণ	কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদ মালাসালের পরিমাণ	বর্তমান চাহিদা	সর্ব মোট চাহিদা
উত্তরপত্র লিখো (মোট উত্তরপত্র+২%)			
উত্তরপত্র সাধারণ (মোট উত্তরপত্র+২%)			
অতিরিক্ত উত্তরপত্র (লিখো)			
অতিরিক্ত উত্তরপত্র (সাধারণ)			
শিরোনামপত্র (বিষয় X পরীক্ষার্থী X ৪)			
করোগেটের সীট (মোট পরীক্ষার্থী X ২)৫০			
ডেসপাস ফরম			
অবগতি ফরম			
বক্স (মোট পরীক্ষার্থী X ১)/২০০			
হাজিরা সীট (মোট পরীক্ষার্থী X ১)			
বাভেল লেবেল (মোট পরীক্ষার্থী / ৫০)			
সনদ/নম্বরপত্র উত্তোলনের ফরম			
বহিস্কৃত ফরম নং সংযোজনী-ক-১,খ-২,গ-৩			
অনুপস্থিতি পরীক্ষার্থীর ICR ফরম			

প্রতিষ্ঠানের ফোন/মোবাইল নম্বর :

.....
অধ্যক্ষের স্বাক্ষর ও সীল মোহর